

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৮০(আগরতলা ২৪।০৩)

আগরতলা, ২৪ মার্চ, ২০২৪

রাজভবনে আর্থ আওয়ার

দেশের অন্যান্য অংশের সঙ্গে আগরতলা রাজভবনেও গতকাল রাতে আর্থ আওয়ার পালন করা হয়েছে। এই কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল রাত ৮টা ৩০ মিনিট থেকে ৯টা ৩০মিনিট পর্যন্ত রাজভবনের সমস্ত আলো নিভিয়ে রাখা হয়েছিল। ডব্লিউডব্লিউএফ ইন্ডিয়া ২০০৯ সাল থেকেই আর্থ আওয়ারের এই কর্মসূচি পালন করে আসছে। ভবিষ্যৎ প্রজন্মের জন্যে একটি সুস্থ বিশ্ব গড়ে তোলার লক্ষ্যে প্রাকৃতিক সম্পদের সংরক্ষণকে গুরুত্ব দিতে এই কর্মসূচির আয়োজন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
